

# আন্তর্জাতিক শান্তি দিবস উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিব বান কি-মুনের বাণী

২১ সেপ্টেম্বর ২০০৭

শান্তি মানবতার সবচেয়ে অমূল্য চাহিদার অন্যতম। এটি জাতিসংঘের জন্যও সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়।

শান্তিই আমাদের লক্ষ্যকে সংজ্ঞায়িত করে, আমাদের মূলশিক্ষাকে ধাবিত করে, শান্তিরক্ষা ও নিবারক কূটনীতি থেকে শুরু করে মানবাধিকার ও মানব উন্নয়নের প্রসার পর্যন্ত বিশ্ব জুড়ে আমাদের সকল কর্মকাণ্ডকে একসূত্রে গাঁথে।

শান্তির জন্য এই কাজ অত্যন্ত জরুরি, কিন্তু সহজ নয়। বস্তুত বিশ্বের নানা প্রান্তে অগণিত জনগোষ্ঠীতে শান্তি এখনও মরীচিকাসম একটি লক্ষ্য। চাদ ও দারফুরের উদ্বাস্তু শিবির থেকে বাগদাদের অলি-গলিতে শান্তির অশেষ আঘাতে আঘাতে জর্জরিত ও নিষ্পেষিত।

পৃথিবীর সর্বত্র সব মানুষের জন্য শান্তি ও কল্যাণ বয়ে আনতে আমাদের প্রচেষ্টার পর্যালোচনা করার সময় হল ২১ সেপ্টেম্বর – আন্তর্জাতিক শান্তি দিবস।

আমরা এ পর্যন্ত যা অর্জন করেছি, তা উদযাপন করার এবং যা কিছু এখনও বাকি সেগুলো করার লক্ষ্যে নিজেদের নিবেদিত করার অঙ্গীকার করার এটা একটা সুযোগ।

আজ আমি সারা বিশ্বে যুদ্ধবিপরিতির আহ্বান জানাচ্ছি যাতে করে ভয় এবং নিরাপত্তাহীনতায় বসবাসকারী সকল অঞ্চলের মানুষ ২৪ ঘণ্টার জন্য হলেও স্বস্তি খুঁজে পায়।

আজ আমি সশস্ত্র সংঘাত থেকে বিরত থাকতে সকল দেশ এবং বিবদমান দলগুলোকে আহ্বান জানাচ্ছি এবং আজ মধ্যাহ্নে এক মিনিট নীরবতা পালনের অনুরোধ করছি।

কামানের শব্দবিহীন এই যুদ্ধবিপরিতির দিনে আমাদের গভীরভাবে অনুধাবন করতে হবে সংঘাতের ক্ষতি কত অপরিসীম। আর আজকের এই যুদ্ধবিপরিতি যেন চিরদিনের জন্য স্থায়ী হয় তার জন্য আমাদের দৃঢ়তার সাথে কাজ করতে হবে।

আজ আন্তর্জাতিক শান্তি দিবসে আসুন আমরা শান্তিকে কেবল অগ্রাধিকার প্রদান নয়, বরং আমাদের পরম নেশায় পরিণত করার অঙ্গীকার করি। আমরা যে যেখানেই থাকি এবং যেভাবেই পারি আসুন আমরা আমাদের সাধ্য অনুযায়ী প্রতিজ্ঞা করি যাতে প্রতিটি দিনই হয় শান্তিময়।

\* \* \* \*